


**সঙ্ঘবদ্ধ যাকাতে স্বাবলম্বী হচ্ছে হাজারো মানুষ**

# যাকাত

## দিলে সম্পদ বাড়ে

সঙ্ঘবদ্ধভাবে যাকাত আদায়ে

**কোয়ান্টাম যাকাত ফান্ড**

zakat.quantummethod.org.bd

Zakat Brochure



# আপনার দানে
## শিক্ষার আলোয় আলোকিত হচ্ছে সুবিধাবঞ্চিত শিশুরা

অসহায় ও বঞ্চিত শিশুদের শিক্ষার সুযোগ করে দেয়া হচ্ছে কোয়ান্টাম যাকাত ফান্ডের মাধ্যমে। লামার বান্দরবানে কোয়ান্টাম কসমো স্কুল ও কলেজে সোনালি ভবিষ্যতের স্বপ্ন আঁকছে দেড় সহস্রাধিক শিক্ষার্থী। কোয়ান্টাম শিশুসদনে উদারনৈতিক শিক্ষা ও সুস্থ সাংস্কৃতিক আবহে লালনপালন করা হচ্ছে ২৩১টি অভিভাবকহীন মেয়েশিশুকে।

শিশুকাননে সযত্ন পরিচর্যায় বেড়ে উঠছে অভিভাবকহীন ১৪৯টি ছেলেশিশু। ঢাকা শহরের পরিচ্ছন্নতা কর্মীদের সন্তানদের স্কুল 'রাজধানী আদর্শ বিদ্যাপীঠ'-এর ২৭৫ জন শিক্ষার্থীর পড়ালেখার দায়িত্ব নিয়েছে ফাউন্ডেশন। এ-ছাড়াও মেধাবৃত্তি দেয়া হয়েছে ৩৬৫ জন অসচ্ছল শিক্ষার্থীকে।



# বঞ্চিতের সেবায় সঙ্ঘবদ্ধ দান

# আপনার যাকাতে স্বাবলম্বী হচ্ছে এদের মতো হাজারো মানুষ



বিশুদ্ধ পানি সরবরাহের জন্যে ৯২টি পানির ট্যাংক, ২৮২টি টিউবওয়েল ও ২টি ইঁদারা স্থাপিত হয়েছে দেশের উপকূলীয় ও পাহাড়ি এলাকায়





আত্মীয়-পরিজনহীন অসহায় প্রবীণদের পুনর্বাসনের জন্যে বান্দরবানের রাজবিলায় ২০১২ সালে স্থাপিত হয়েছে 'আশ্রয়মম'।

দেশের বিভিন্ন অঞ্চলে পরিচালিত মাতৃমঙ্গল কার্যক্রমের অধীনে প্রয়োজনীয় পুষ্টি, চিকিৎসা, ওষুধ, নিরাপদ প্রসবের ব্যবস্থা ও প্রসব পরবর্তী পরামর্শ ও সেবা পেয়েছেন এ পর্যন্ত ৩,৭২৩ জন সুবিধাবঞ্চিত গর্ভবতী মা।







ক্ষুদ্রঋণের অভিশাপ থেকে মুক্ত হয়ে সচ্ছল জীবনে ফিরেছেন ৭,৯৪৯ জন। গরুভাগা প্রকল্প ও মুরগির খামার স্থাপনে সহায়তা করা হয়েছে ৫৭৪টি দুস্থ ও অসহায় পরিবারকে।







কোয়ান্টাম যাকাত ফান্ড থেকে দেয়া অটোবাইক চালিয়ে সচ্ছল জীবনযাপন করছেন বরিশালের জাহাঙ্গীরের মতো ৩৫ জন।

শারীরিক প্রতিবন্ধী সাতক্ষীরার মিকাইল ইঞ্জিনচালিত অটোভ্যান পেয়ে আজ স্বনির্ভর।

মটর সাইকেলে যাত্রী পরিবহন করে খুলনার মতিয়ার আজ স্বাবলম্বী।

জানুয়ারি ২০১৭-তে শিশুবন্ধু জাতীয় অধ্যাপক ডা. এম আর খান স্মরণে কোয়ান্টামমে অনুষ্ঠিত হয় এ যাবৎকালের সর্ববৃহৎ মেডিকেল ক্যাম্প। ১৩৯ জন বিশেষজ্ঞ চিকিৎসকের অংশগ্রহণে দিনব্যাপী এ ক্যাম্পে বিনামূল্যে চিকিৎসাসেবা ও প্রয়োজনীয় ওষুধ পেয়েছেন ৬,৭১১ জন রোগী। এ-ছাড়া ঢাকা চট্টগাম রাজশাহীর বিভিন্ন স্থানে এ পর্যন্ত বিনামূল্যে চিকিৎসাসেবা ও ওষুধ পেয়েছেন ১,৬৫,০৬৭ জন অসহায় রোগী।






স্বনির্ভরায়ন কার্যক্রমের আওতায় কুমিল্লায় দুই মাসব্যাপী সেলাই প্রশিক্ষণের প্রথম ব্যাচে ২৭ জন মহিলাকে সেলাই প্রশিক্ষণ ও ১৫টি সেলাই মেশিন প্রদান করা হয়। এ-ছাড়া এ পর্যন্ত সম্পন্ন হওয়া ২১টি ব্যাচে ৩৩৭ জন মহিলা অংশগ্রহণ করেছেন। তাদের পরিবার এখন সচ্ছল। শিক্ষিত হয়ে উঠছে তাদের সন্তানেরা।



নকশিকাঁথা সেলাই করে সচ্ছল জীবনযাপন করছেন যশোরের সুফিয়া খাতুন ।



যাকাত ফান্ড থেকে দেয়া হুইল চেয়ারে বসে মেয়ের সহযোগিতায় সেলাই মেশিন চালাচ্ছেন খুলনার শহীদুল ইসলাম।

**যাকাত ফান্ডের অর্থে সেলাই মেশিন পেয়ে স্বাবলম্বী হয়েছেন ৩৮৯টি পরিবারের মহিলা। দারিদ্র্যকে জয় করে এদের অনেকেই গড়ে তুলেছেন নিজস্ব বুটিক ও টেইলরিং শপ।**



সড়ক দুর্ঘটনায় পা হারানো যশোরের জাকির হোসেন এখন মুদি দোকানের মালিক।



নিজের দোকানে জ্বালানি কাঠ ব্যবসায়ী খুলনার মাসুম মিয়া।



যাকাত ফান্ডের অর্থে স্বাবলম্বী সুফিয়া খাতুন যশোরে তার বুটিক ও টেইলরিং শপে কর্মসংস্থানের সুযোগ করে দিয়েছেন চার জন বাক্‌প্রতিবন্ধীকে।



শারীরিক প্রতিবন্ধী রজব আলী গৃহসংস্কার ছাড়াও অর্থ বিনিয়োগ করেছেন একটি মুদি দোকানে।

প্রাকৃতিক দুর্যোগে গৃহহীন ১,৫৭৮টি পরিবারকে গৃহনির্মাণে সহায়তা দেয়া হয়েছে কোয়ান্টাম যাকাত ফান্ড থেকে।





# স্বনির্ভরায়ন কার্যক্রমের আওতায় ফাউন্ডেশনের কয়েকটি প্রকল্প



ফাউন্ডেশনের তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে বিভিন্ন ফলজ প্রকল্প
(আম জাম কাঁঠাল লিচু আনারস জলপাই পেয়ারা জাম্বুরা ও লেবু) এবং মৎস্য ও প্রাণিসম্পদ প্রকল্প
(বিভিন্ন প্রজাতির মাছ হাঁস মুরগি ব্ল্যাক বেঙ্গলসহ উন্নত জাতের ছাগল এবং ভেড়া)।













Zakat
Calculator
Android app

# যাকাত হিসাব ॥

## একটি সাধারণ নমুনা পদ্ধতি

যাকাতদাতার নাম ..............................................................................

বছর ..........................

### ১. ব্যক্তিগত সম্পদ

মূল্যবান অলংকার : সোনা, রুপা ইত্যাদি (পরিমাণ/ মূল্য) .................... = ....................
ব্যাংকে জমা : ফিক্সড, সঞ্চয়ী, চলতি, ডিপিএস, বিশেষ জমা ইত্যাদি ...... = ....................
শেয়ার, সঞ্চয়পত্র, বন্ড, বীমা, প্রভিডেন্ট ফান্ড ইত্যাদি .................... = ....................
বৈদেশিক মুদ্রা, এফসি একাউন্ট, বন্ড, টিসি, নগদ (বিনিময় হারে = টাকা) = ....................
জমাকৃত (পণ্য) মালামাল .................... = ....................
জামানত হিসেবে জমা (যা ফেরত পাওয়া যাবে), অগ্রিম .................... = ....................
পাওনা, ধার প্রদান, অগ্রিম ইত্যাদি .................... = ....................
হাতে নগদ .................... = ....................
অন্যান্য .................... = ....................

মোট =

বাদ : দেনা/ ঋণ ইত্যাদি =

মোট যাকাতযোগ্য সম্পদ =

### ২. ব্যবসার হিসাব (একক মালিকানায়)

বিক্রয়যোগ্য মজুদ, উৎপাদিত মজুদ .................... = ....................
প্রক্রিয়াধীন ও মজুদ কাঁচামাল, প্যাকিং সামগ্রী .................... = ....................
পাওনা ও বাকি বিক্রি .................... = ....................
জামানত ও অগ্রিম প্রদান .................... = ....................
ব্যাংকের জমা (সব ধরনের জমা) .................... = ....................
হাতে নগদ .................... = ....................
অন্যান্য .................... = ....................

মোট =

বাদ : দেনা/ ঋণ ইত্যাদি =

মোট যাকাতযোগ্য সম্পদ =

### ৩. যৌথ মালিকানা/ অংশীদারি ব্যবসার হিসাব

বিক্রয়যোগ্য মজুদ, উৎপাদিত মজুদ .................... = ....................
প্রক্রিয়াধীন ও মজুদ কাঁচামাল, প্যাকিং সামগ্রী .................... = ....................
পাওনা ও বাকি বিক্রি .................... = ....................
জামানত ও অগ্রিম প্রদান .................... = ....................
ব্যাংকের জমা (সব ধরনের জমা) .................... = ....................
হাতে নগদ .................... = ....................
অন্যান্য .................... = ....................

মোট =

বাদ : দেনা/ ঋণ ইত্যাদি =

মোট যাকাতযোগ্য সম্পদ =

আপনার অংশ ............................................................ % হিসেবে মোট =

### ৪. শিল্প/ ব্যবসায় বিনিয়োগকৃত যাকাতযোগ্য সম্পদ মোট =

**সর্বমোট যাকাতযোগ্য সম্পদ (১+২+৩+৪) =**

**যাকাত ২.৫০%**

# সঙ্ঘবদ্ধভাবে যাকাত দিন
# দারিদ্র্য বিমোচনে এগিয়ে আসুন

যাকাতযোগ্য সম্পদের সর্বমোট মূল্য হিসাব করে এর ওপর শতকরা আড়াই ভাগ অর্থ যাকাত দেয়া প্রত্যেক মুসলমানের প্রতি আল্লাহর অলঙ্ঘনীয় নির্দেশ। যাকাতের মূল লক্ষ্য দারিদ্র্য বিমোচন, সচ্ছল করে তোলা; যাতে আজকের যাকাত গ্রহীতা ভবিষ্যতে যাকাতদাতা হতে পারেন। তাই যাকাত ব্যবস্থাপনার মূল দায়িত্ব সমাজ ও রাষ্ট্রের। এ কারণে হযরত উসমান (রা)-এর খেলাফতকালে আরবে যাকাত গ্রহণ করার কেউ ছিল না। তবে কোনো কারণে সমাজ ও রাষ্ট্র এ দায়িত্ব পালন না করলে সচেতন মানুষদেরকেই সঙ্ঘবদ্ধ হয়ে এগিয়ে আসতে হবে। যাকাত সুপরিকল্পিতভাবে ব্যয়ের মাধ্যমে করতে হবে বঞ্চিত ও দুস্থ মানুষের দারিদ্র্য বিমোচন। এ লক্ষ্যেই ১৯৯৬ সালে কোয়ান্টাম ফাউন্ডেশন গঠন করে যাকাত ফান্ড।

যদি আপনি যাকাতদাতা হয়ে থাকেন, আপনাকে অভিনন্দন! আপনার যাকাতের অর্থ সাদরে গৃহীত হবে ফাউন্ডেশনে। সঙ্ঘবদ্ধ এ যাকাতের অর্থ ব্যয় হবে শরীয়ত নির্ধারিত খাতসমূহে, দুস্থ ও বঞ্চিতের সুদূরপ্রসারী উন্নয়নে। আর শেষ বিচারের দিনে যখন প্রভু জিজ্ঞেস করবেন, 'সম্পদ কীভাবে ব্যয় করেছ?' তখন আপনি বলতে পারবেন, 'হে প্রভু! মানবকল্যাণে বঞ্চিতের সেবায় আমি আমার সম্পদ ব্যয় করেছি।' কোয়ান্টাম যাকাত ফান্ডে দানের জন্যে নিচের ঠিকানায় যোগাযোগ করুন। প্রবাসী হলে বা দূরবর্তী স্থানে থাকলে ব্যাংক একাউন্টের মাধ্যমেও যাকাতের অর্থ পাঠাতে পারেন।

বাংলাদেশের জন্যে– A/C # 3556-102-000044, কোয়ান্টাম ফাউন্ডেশন, পূবালী ব্যাংক লিমিটেড, ইসলামিক উইন্ডো, প্রিন্সিপাল ব্রাঞ্চ।

প্রবাসীদের জন্যে– SND A/C # 11731050003896, কোয়ান্টাম ফাউন্ডেশন, প্রাইম ব্যাংক, মৌচাক শাখা, বাংলাদেশ। SWIFT : PRBLBDDH013

বিকাশের মাধ্যমেও জমা দিতে পারেন আপনার যাকাতের অর্থ। বিস্তারিত জানতে ভিজিট করুন : donate.quantummethod.org.bd অথবা বিকাশ করুন 01315393646 নাম্বারে।

[যাকাত দানের মানি রিসিট অনুগ্রহ করে কোয়ান্টাম দায়িত্বশীলের কাছ থেকে সংগ্রহ করুন। ফাউন্ডেশনে টাকা জমা হওয়ার মেসেজ আপনার মোবাইলে পেয়েছেন কিনা, তা নিশ্চিত হোন।]

## কোয়ান্টাম ফাউন্ডেশন


**কেন্দ্রীয় দফতর :** ৩১/ভি শিল্পাচার্য জয়নুল আবেদিন সড়ক, শান্তিনগর, ঢাকা-১২১৭
**ফোন :** ৯৩৪১৪৪১, ৮৩১৯৩৭৭, ০৯৬১৩-০০২০২৫, ০১৭১৪-৯৭৪৩৩৩
E-mail : info@quantummethod.org.bd
**কোয়ান্টাম মেডিটেশন হল :** ১/১ পায়োনিয়ার রোড, সেগুনবাগিচা, কাকরাইল, ঢাকা-১০০০
**ফোন :** ৯৩৫৫৭৫৬, ৮৩৯১৩৯২, ০১৭১১-৬৭১৮৫৮

| | | | |
|---|---|---|---|
| **বনশ্রী** | : ০১৭৪০-৬৩০৮৫৬ | **চট্টগ্রাম** | : ০১৭১১-৩৯৩০১০ |
| **শাহবাগ** | : ০১৭৫৭-৪৪৩৩২২ | **সিলেট** | : ০১৭১৩-৩০১৫২২ |
| **মতিঝিল** | : ০১৭৪৪-৮৮৫৫১১ | **রাজশাহী** | : ০১৭১১-১০৪২৮৯ |
| **ধানমণ্ডি** | : ০১৮২২-৯৮৯৫৯৮ | **মিরপুর** | : ০১৭১৭-১৪৪৭২৪ |
| **উত্তরা** | : ০১৯২৩-৯৬৮৮৮৮ | **কুমিল্লা** | : ০১৭৪০-৯০৮৩৭৮ |
| **সবুজবাগ** | : ০১৬৭০-৭০৭০০০ | **খুলনা** | : ০১৭৪০-৯৩৯৯৯৯ |
| **বনানী** | : ০১৯৭৯-০০৩০০০ | **যশোর** | : ০১৯১৭-৪১৯৩০১ |
| **যাত্রাবাড়ী** | : ০১৭৮৩-৫৯৮৫৫৮ | **বরিশাল** | : ০১৭৩৫-৪৩৪৬৭১ |

zakat.quantummethod.org.bd

**স্বেচ্ছা রক্তদান কার্যক্রম ॥ কোয়ান্টাম ল্যাব :** ৩১/ভি শিল্পাচার্য জয়নুল আবেদিন সড়ক, শান্তিনগর ঢাকা-১২১৭। **ফোন :** ৮৩২২৯৮৭, ০১৭১৪-০১০৮৬৯
**কোয়ান্টামম ॥ কোয়ান্টাম কসমো স্কুল ও কলেজ, লামা :** বোধিছড়া, কেয়াজুপাড়া, সরই, লামা, বান্দরবান-৩২৭৪। **ফোন :** ০১৮৪৮-৩১৮৮০১, ০১৭১৪-০৯৪২৭১